

// সুবিধাবঞ্চিত দুই //
শতাধিক শিশু পেল
শিক্ষা উপকরণ

নিজস্ব প্রতিবেদক, রাজশাহী •
রাজশাহীতে দাতা সংস্থা বাংলাদেশ
এনজিও ফাউন্ডেশনের সহযোগিতায়
শিশু শিক্ষা ও সচেতনতা কর্মসূচির
আওতায় প্রকল্পের দুই শতাধিক
সুবিধাবঞ্চিত শিশু শিক্ষার্থীর মধ্যে শিক্ষা
উপকরণ (খাতা, কলম) বিতরণ করা
হয়েছে। গতকাল সোমবার বেসরকারি
উন্নয়ন ও মানবায়িকার সংস্থা লেডিস
অর্গানাইজেশন ফর সোস্যাল
ওয়েলফেয়ার (লফস) কার্যালয়ে এ
অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে সংস্থার নির্বাহী পরিচালক
ও সাবেক মহিলা কমিশনার শাহানা জ
পারভীন লাকী বলেন, সুবিধাবঞ্চিত
শিশুদের শিক্ষাসহ তাদের অধিকার
রক্ষায় সমাজের সবস্তরের
জনসাধারণকে এগিয়ে আসা উচিত।
আজকের শিশু আমাদের আগামীর
ভবিষ্যৎ। আমরা শুধু নিজ সন্তানের প্রতি
যত্নবান হব তা নয় বরং পার্শ্ববর্তী
সুবিধাবঞ্চিত শিশুদের প্রতি বিশেষ
নজর রাখা উচিত।

ব্যানবেইস পরিচালকের কার্যালয়	
প্রাপ্তি নং.....	
তারিখ.....	
সীফ. পরিসংখ্যান বিভাগ	
সীফ. ডি.এল.পি বিভাগ	
সিস্টেম এনালিস্ট	
সিস্টেম ম্যানেজার	
প্রশাসনিক কর্মকর্তা	
পি.এ.	
কার্যার্থে/অন্যার্থে	
	স্বাক্ষর